ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
		৪র্থ কিস্তির অর্থ অবমুক্তিতে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের ও অর্থ বিভাগের সম্মতির প্রয়োজন হবে। অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সময় সংলগ্নী-৪৪ পূরণ করতে হবে।		(৬) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অক্টোবর, জানুয়ারী, এপ্রিল ও জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ৩(তিন) মাসের পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের প্রকল্পভিত্তিক বরাদ্দ, ব্যয়, দাবী এবং প্রকৃত প্রাপ্তি সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী নির্ধারিত ছকে (সংলগ্নী- ৯) অর্থ বিভাগে এবং সংশ্লিষ্ট সি.এ.ও. অফিসে প্রেরণ করবে।
৪.	পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্য (বিশেষ হিসাবের মাধ্যমে) বরাদ্দের অথরাইজেশন জারী **(ক) SAFE ACCOUNT** (Special Account for Fereign Exchange)	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাব অনুযায়ী অর্থ বছরের শুরুতে অর্থ বিভাগ উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক বরাবরে অথরাইজেশন আদেশ জারী করবে। অথরাইজেশন প্রাপ্তির পর বাংলাদেশ ব্যাংক চার কিস্তিতে (প্রথমে এক চতুর্থাংশ) অর্থ প্রকল্প একাউন্টে স্থানান্তর করবে। পূর্বের ছাড়কৃত অর্থ সমন্বয় করা হ'লে পরবর্তী কিস্তির অর্থ ছাড় করা হবে। (২) স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাবের ভিত্তিতে এবং পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে অর্থ বিভাগ অথরাইজেশন জারী করবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) SAFE তহবিলের যাবতীয় কার্যক্রম অর্থ বিভাগের ৫/০৮/১৯৯৩ তারিখে জারীকৃত পরিপত্র (সংলগ্নী-১০) অনুযায়ী পরিচালিত হবে। (২) অর্থ বিভাগে অথরাইজেশন জারীর প্রস্তাব প্রেরণের সময় ঃ (ক) সংলগ্নী-১ অনুযায়ী বিভাজন আদেশ, (খ) সংলগ্নী-৫ অনুযায়ী খরচ/পুনর্ভরণ বিবরণী, (গ) সংলগ্নী -১১ অনুযায়ী সমন্বয় আদেশ, (ঘ) নির্ধারিত ছক অনুযায়ী ব্যাংক ষ্টেটমেন্ট এবং (ঙ) বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক কর্তৃক প্রদত্ত পূর্ববর্তী অর্থ বছরে স্পেশাল হিসাব হতে লেনদেনের রিপোর্টের ভিত্তিতে প্রস্তুতকৃত হিসাব প্রাপ্তি মাসিক ভিত্তিতে নিয়মিত হিসাব প্রাপ্তি সম্পর্কে সি. এ. ও. কর্তৃক দেয়া প্রত্যয়ন পত্র প্রেরণ করতে হবে। (৩) বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক হতে অর্থ উত্তোলন, স্থানান্তরের বা পরিশোধের সকল আদেশে প্রকল্প পরিচালকের স্বাক্ষর এবং এমবোস সীল সম্বলিত হতে হবে। (৪) অথরাইজেশন অদেশ ছাড়া বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক কোন অর্থ স্থানান্তর/পরিশোধ করতে পারবে না।
	(খ) CONTASA Account (Convertible Taka Special Account)	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাব অনুযায়ী অর্থ বছরের শুরুতে অর্থ বিভাগ উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক বরাবরে অথরাইজেশন আদেশ জারী করবে। এই অথরাইজেশনের ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ বাণিজ্যিক ব্যাংকের সংরক্ষিত CONTASA হিসাব থেকে অর্থ উত্তোলন করতে পারবে। (২) স্বায়ত্বশাসিত/ আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/ বিভাগের প্রস্তাবের ভিত্তিতে এবং পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে অর্থ বিভাগ অথরাইজেশন অদেশ জারী করবে। (২) স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) CONTASA হিসাবের ব্যবহার পদ্ধতি এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী অর্থ বিভাগের ৪/০৫/১৯৯২ তারিখের পরিপত্র (সংলগ্নী-১২) অনুযায়ী পরিচালিত হবে। (২) ৪ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।
	(গ) Imprest Account	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাব অনুযায়ী অর্থ বছরের শুরুতে অর্থ বিভাগ উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক/বাণিজ্যিক ব্যাংক বরাবরে অথরাইজেশন আদেশ জারী করবে। এই অথরাইজেশনের ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নকারী	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাবের ভিত্তিতে এবং পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে অর্থ বিভাগ অথরাইজেশন জারী করবে। (২) স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত	(১) Imprest হিসাবের ব্যবহার পদ্ধতি এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী অর্থ বিভাগের ২৫/০৪/১৯৯৩ ও ২৪/১০/১৯৯৬ তারিখের পরিপত্র (সংলগ্নী -১৩ ও ১৪) অনুযায়ী পরিচালিত হবে। (২) ৪ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত অন্যান্য শর্তাবলী অনুসরণ

ক্রমিক নং	বিষয়	অনুমোদিত/পিসিপি অনুমোদিত প্রকল্প/কর্মসূচী	অননুমোদিত (সংশোধিত অননুমোদিত সহ) প্রকল্প/কর্মসূচী	অনুসরণীয় শর্তাবলী
১	২	৩	৪	৫
		কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকে সংরক্ষিত তাদের প্রকল্প পরিচালনা হিসাব হতে প্রয়োজনীয় অর্থ উত্তোলন করতে পারবে। (২) স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	করতে হবে।
	(ঘ) **DOSA** (Dollar Special Account)	(১) ঋণচুক্তির শর্ত অনুসারে অর্থ বিভাগের সম্মতিক্রমে বাংলাদেশ ব্যাংকে ইউ এস ডলারে একটি বিশেষ হিসাব (DOSA) খোলা যাবে। (২) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের প্রস্তাব অনুযায়ী অর্থ বছরের শুরুতে অর্থ বিভাগ উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক বরাবরে অথরাইজেশন আদেশ জারী করবে। এই অথরাইজেশনের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত DOSA হিসাব হতে প্রয়োজনীয় অর্থ উত্তোলন করা যাবে। (৩) স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) পরিকল্পনা কমিশনের সম্মতিক্রমে অর্থ বিভাগ অথরাইজেশন জারী করবে। (২) স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) DOSA হিসাবের ব্যবহার এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী অর্থ বিভাগের ৫/০১/১৯৯৩ তারিখের পরিপত্র (সংলগ্নী-১৫) অনুযায়ী পরিচালিত হবে। (২) ৪ নং ক্রমিকের ৫ নং কলামে বর্ণিত অন্যান্য শর্তাবলী অনুসরণ করতে হবে।
৫.	**খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের বরাদ্দকৃত অর্থ/ খাদ্য-সামগ্রী অবমুক্তি**	(১) স্থানীয় মুদ্রা (নগদ অর্থ) অবমুক্তির ক্ষেত্রে ১নং ক্রমিকের ৩ নং কলামে বর্ণিত বিধান অনুসরণ করতে হবে। খাদ্য শষ্য অবমুক্তির ক্ষেত্রে ৩য় কিস্তি পর্যন্ত প্রশাসনিক মন্ত্রণালয় অবমুক্ত করতে পারবে এবং আদেশের একটি কপি অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। (২) সরকারের নিজস্ব সম্পদে বাস্তবায়িত প্রকল্পের ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রনালয়/বিভাগ সংশ্লিষ্ট অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে তিন কিস্তির সমপরিমান খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে। (৩) চতুর্থ কিস্তির খাদ্য সামগ্রী (এপ্রিল-জুন সময়ে) পরিকল্পনা কমিশন ও অর্থ বিভাগের সম্মতিতে এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীর বরাদ্দ চূড়ান্ত হলে শুধু অর্থ বিভাগের সম্মতিক্রমে অবমুক্ত করা যাবে।	(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ পরিকল্পনা কমিশন এবং অর্থ বিভাগের সম্মতিক্রমে বৈদেশিক সাহায্য পুষ্ট/ সরকারের নিজস্ব সম্পদে বাস্তবায়িত প্রকল্পের প্রয়োজনীয় অর্থ ও খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে। খাদ্য সামগ্রী দেশে পৌছানোর বিষয়টি নিশ্চিত করতে হবে। (২) স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য হবে।	(১) উন্নয়ন সহযোগীর সাথে চুক্তি স্বাক্ষরিত না হলে খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের কোন কিস্তির খাদ্য সামগ্রী উত্তোলন করা যাবে না। (২) খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পের স্থানীয় মুদ্রা (নগদ অর্থে যদি থাকে) অবমুক্তির ক্ষেত্রে ১ নং ক্রমিকে ৫নং কলামের বর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে। (৩) খাদ্য সাহায্যপুষ্ট প্রকল্পে পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের অর্থ (নগদ অর্থে যদি থাকে) অবমুক্তির ক্ষেত্রে ৩ নং ক্রমিকে বর্ণিত বিধান অনুসরণ করতে হবে। (৪) উন্নয়ন সহযোগীর সাথে চুক্তি স্বাক্ষরিত এবং নির্ধারিত খাদ্য সামগ্রী দেশে এসে পৌছে থাকলে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট অর্থ বছরের জুলাই-মার্চ সময়ে তিন কিস্তির সমপরিমান খাদ্য সামগ্রী উত্তোলন করতে পারবে।